

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক ও অধ্যাপকের কার্যালয়
জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
E-mail: nimhr@hospi.dghs.gov.bd

স্মারকনং এনআইএমএইচ/ ভর্তি বিজ্ঞপ্তি/২০২৬-২০২৭/ ২০৫০

তারিখ : ০২/০৭/২৬

এক বছর মেয়াদি “Diploma in Psychiatric Nursing” কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

২০২৬ - ২০২৭ শিক্ষাবর্ষে জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকায় ২০ (বিশ) টি আসনে এক বছর মেয়াদি “Diploma in Psychiatric Nursing” কোর্সে শিক্ষার্থী ভর্তির জন্য নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

১। শর্তাবলীঃ

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারী কাউন্সিল কর্তৃক স্বীকৃত ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারী / ডিপ্লোমা ইন মিডওয়াইফারী/ বিএসসি ইন নার্সিং পাশ। বয়স : অনূর্ধ্ব ৪৫ বছর।
- সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- প্রার্থীদের নার্সিং ও মিডওয়াইফারী পেশায় ন্যূনতম দুই বছরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।
- ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা ও ভর্তিকৃত শিক্ষার্থীগণ প্রশিক্ষণ ভাতা পাবেন না।
- ভর্তিকৃত শিক্ষার্থীগণ নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করবেন।
- নির্ধারিত ছক অনুযায়ী প্রার্থীকে আবেদন করতে হবে।

২। আবেদনের সাথে সংযুক্ত কাগজ পত্রাদিঃ

সদ্য তোলা দুই কপি (পাসপোর্ট সাইজ) ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, বিএনএমসি কর্তৃক হালনাগাদ নিবন্ধন সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতার সনদ এর সত্যায়িত ফটোকপিসমূহ এবং আবেদনকারী কর্তৃক ১০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য), পরিচালক, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এর হিসাব নং ০২০০০২৩৭০৭৪২২, রাউটিং নাম্বার -০১০২৬৪৩০২, অগ্রণী ব্যাংক লিমিটেড, শ্যামলী শাখা, ঢাকায় নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জমা দিতে হবে। (উল্লেখ্য টাকা জমার মূল রশিদ আবেদন পত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে)। আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি অত্র প্রতিষ্ঠানের নিম্নস্বাক্ষরকারীর অফিসে সরাসরি/ রেজিস্ট্রার ডাকযোগ্য/কুরিয়ারের মাধ্যমে নির্ধারিত তারিখের জমা দিতে হবে।

৩। আবেদন ও ভর্তি পরীক্ষার সূচিঃ

আবেদন সূত্রের তারিখ	১১/৭/২০২৬ খ্রিঃ, সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত
আবেদনের শেষ তারিখ	৪/৮/২০২৬ খ্রিঃ, সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত
ভর্তি পরীক্ষায় যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ	০৬/৮/২০২৬ খ্রিঃ, যোগ্য প্রার্থীদের নামের তালিকা www.nimh.gov.bd লিংকে পাওয়া যাবে
ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও স্থান নার্সিং বিষয়ক লিখিত (MCQ)-৮০, মৌখিক-২০।	১৫/৮/২০২৬ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত লিখিত পরীক্ষা, ১১.৩০ ঘটিকা হতে মৌখিক পরীক্ষা, কনফারেন্স রুম (২য় তলা), জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা।

বিশেষ দৃষ্টব্যঃ নমুনা আবেদনটি www.nimh.gov.bd লিংকে পাওয়া যাবে। শুধুমাত্র যোগ্য প্রার্থীগণ ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন। যোগ্য প্রার্থীগণের তালিকা জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালের ওয়েব সাইটে পাওয়া যাবে। আবেদন প্রাপ্তির স্বীকারপত্র যোগ্য প্রার্থীগণের ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র হিসেবে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ ভর্তি বিজ্ঞপ্তি আংশিক / সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ ভর্তির ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

সকল প্রকার প্রয়োজনীয় তথ্য ও যোগাযোগের জন্য : মোঃ কামাল হোসেন, নার্সিং ইনস্ট্রাক্টর, এনআইএমএইচ, ঢাকা। ফোনঃ ০১৯৯৩৮৯৯৯৮১।

(অধ্যাপক ডা. সাইফুন নাহার)

পরিচালক ও অধ্যাপক

জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল